



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
আর্টস এন্ড সোস্যাল সাইন্স শাখা



নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০০২.২৩.৮২১


তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত 'ইউজিসি স্বর্ণপদক'-২০২২ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ রেজিস্ট্রেশনপূর্বক (<https://www.mygov.bd/service/?id=BDGS-1637554194>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- (১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- (২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২২ সালে প্রকাশিত হতে হবে। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে।
- (৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনঃমুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
- (৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/সূত্রে/নির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।
- (৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঞ্জিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার (যদি থাকে) তালিকা যথাযথ রেফারেন্স আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৭) যৌথ প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Author/Last Author সকল Co-author-দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।
- (৮) একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৯) আগামী ৩০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে;


০৩/০৭/২৩

(১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েব সাইট (www.ugc.gov.bd) সম্মাননা সেবা বক্সে 'ইউজিসি স্বর্ণপদক'-এ দেওয়া আছে।

(১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।



৩০-০৮-২০২৩

ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ২। পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৩। অতিরিক্ত পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৪। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৫। সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
- ৭। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



Distribution:

1. Assistant Programme is advised to publish this notification of UGC on BUUT Website
2. Notice Boards of BUUT

Handwritten signature
03/09/23